# তিল (Sesame)

## মাটিঃ

পানি জমে থাকে না এমন প্রায় সব ধরণের মাটিতে তিলের চাষ করা যায়। উঁচু বেলে দোআঁশ বা দোআঁশ মাটি তিল চাষের জন্য বেশি উপযোগী।

## জমি তৈরিঃ

তিল চাষের জন্য মাটি আড়াআড়ি চাষ ও মই দিয়ে ভালোভাবে ঝুরঝুরে করে নিতে হয়।

## সারের পরিমাণঃ

তিলের জমিতে নিম্নরূপ হারে সার প্রয়োগ করতে হবে-

| সারের নাম | সারের পরিমাণ/হেক্টর |
|---|---|
| ইউরিয়া | ১০০-১২৫ কেজি |
| টিএসপি | ১৩০-১৫০ কেজি |
| এমপি | ৪০-৫০ কেজি |
| জিপসাম | ১০০-১১০ কেজি |
| জিংক সালফেট (প্রয়োজনে) | ০-৫ কেজি |
| বরিক এসিড (প্রয়োজনে) | ৮-১০ কেজি |

## সার প্রয়োগ পদ্ধতিঃ

ইউরিয়া সারের অর্ধেক ও বাকি সব সার জমি শেষ চাষের সময় ছিটিয়ে মাটির সাথে ভালভাবে মিশিয়ে দিতে হবে। বাকি ইউরিয়া বীজ বপনের ২৫-৩০ দিন পর ফুল আসার সময় উপরি প্রয়োগ করতে হবে।

## বপনের সময়ঃ

তিল খরিফ মৌসুমে চাষ করা যায়। খরিফ-১ মৌসুমে অর্থাৎ ফাল্‌গুন-চৈত্র মাসে (মধ্য-ফেব্রুয়ারি হতে মধ্য-এপ্রিল), খরিফ-২ মৌসুমে অর্থাৎ ভাদ্র মাসে (মধ্য-আগস্ট হতে মধ্য-সেপ্টেম্বর) তিলের বীজ বপনের উত্তম সময়।

## বপন পদ্ধতিঃ

তিলের বীজ সাধারণত ছিটিয়ে বপন করা হয়। তবে সারিতে বপন করলে অন্তর্বর্তীকালীন পরিচর্যা করতে সুবিধা হয়। সারিতে বপন করলে সারি থেকে সারির দূরত্ব ৩০ সেমি ও গাছ থেকে গাছের দূরত্ব ৫ সেমি রাখতে হবে।

## বীজের হারঃ

প্রতি হেক্টরে ৭.০-৭.৫ কেজি।

## আগাছা দমনঃ

অধিক ফলন পেতে হলে জমি আগাছামুক্ত রাখতে হবে । চারা অবস্থায় ২০ দিন পর্যন্ত গাছের বৃদ্ধি ধীর গতিতে হয়ে থাকে । ফলে এ সময় জমির আগাছা দ্রুত বেড়ে তিল গাছ ঢেকে ফেলতে পারে । তাই এ সময় একটি নিড়ানি দিতে হবে । তাছাড়া বীজ বপনের পূর্বেই জমি থেকে ভালভাবে আগাছা পরিষ্কার করে নিতে হবে ।

## সেচ প্রয়োগ ও পানি নিষ্কাশনঃ

জমিতে রসের অভাব হলে বীজ বোনার ২৫-৩০ দিন পর ফুল আসার পূর্বে এক বার সেচের প্রয়োজন হয়। জমিতে রস না থাকলে ৫৫-৬০ দিন পর ফল ধরার সময় আর একবার সেচ দেওয়া যেতে পারে। তিল ফসল মোটেও জলাবদ্ধতা সহ্য করতে পারেনা । তাই জমির মধ্যে কিছুদূর পর পর নালা কেটে সেচের অতিরিক্ত পানি দ্রুত নিষ্কাশনের ব্যবস্থা করে ফসলকে রক্ষা করতে হবে ।

## ফসল সংগ্রহঃ

তিল ফসল সংগ্রহ করতে ৮৫-৯০ দিন সময় লাগবে। তিল গাছের সব শুটি একসাথে পাকে না । সাধারণত নিচের দিক থেকে পাকা শুরু করে উপরের দিকে অগ্রসর হয় । উপরের শুটি পাকা পর্যন্ত অপেক্ষা করলে নিচের শুটি ফেটে বীজ মাটিতে পড়ে যায় এবং ফলন কমে যায় ।  তাই সব শুটি পাকার জন্য অপেক্ষা না করে পাতা, কাণ্ড ও ফল হলুদাভ বা খড়ের বর্ণ ধারণ করলে তিল ফসল জমি থেকে কেটে ফেলতে হবে । লক্ষ্য রাখতে হবে যাতে বেশি পরিপক্কতার কারনে গাছের নিচের দিকের ফল হতে বীজ ঝরে না যায় । ফসল কাটার পর বাড়ির উঠানে পলিথিন বিছিয়ে ৩-৪ দিন স্তূপ করে রাখার পর তিল গাছ ভালভাবে শুকিয়ে লাঠির সাহায্যে পিটিয়ে মাড়াই করতে হবে । এরপর ভালভাবে ৪-৫ দিন টানা রোদে শুকাতে হবে । বীজের আর্দ্রতা ৯-১০% হলে ভাল হয় ।